প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)

DFTA My Ride কী?

নিউ ইয়র্ক সিটির বয়োজ্যেষ্ঠ দপ্তরের (DFTA) My Ride প্রকল্প বয়োজ্যেষ্ঠ ব্যক্তি ও প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিবর্গকে চাহিদা-অনুযায়ী রাইড দিয়ে থাকে। অংশগ্রহণকারীরা একটি মোবাইল অ্যাপের মাধ্যমে সরাসরি বাস্তব পরিস্থিতিতে একটি রাইডের জন্য সময় নির্ধারণ বা অনুরোধ জানাতে পারবেন ও মাসিক ভিত্তিতে তহবিল পাবেন।

রাইড পাওয়ার উপযুক্ত কারা?

নিচের কম্যুনিটি ডিস্ট্রিক্টগুলোতে (CD) বসবাসরত 60 বছর ও তার বেশি বয়স্ক প্রাপ্তবয়স্কগণ, এবং প্রতিবন্ধকতা আছে এমন 18 বছর ও তার বেশি বয়স্ক ব্যক্তিরা আবেদন করতে সক্ষম হবেন: Queens 6, 7, 10, 12 ও 14; Bronx 4, 5, 8 ও 10; Brooklyn 5, 13, 15, 16 ও 17।

এই কম্যুনিটি ডিস্ট্রিক্টগুলোকে কেন বেছে নেওয়া হয়েছে?

এই কম্যুনিটি ডিস্ট্রিক্টগুলোকে বাছাই করা হয়েছে কারণ এগুলো নিচের এক বা একাধিক মাপকাঠি পূরণ করে: উচ্চ দারিদ্র্য হার, বা বয়স্ক প্রাপ্তবয়স্ক ও প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিবর্গের উচ্চ ঘনত্ব, বা সীমিত পরিবহন সুবিধা, এবং এর আগে কোনো DFTA-পরিচালিত পরিবহন প্রকল্পে অংশ নেয়নি।

আমার যোগ্যতা প্রমাণ করার জন্য কী প্রমাণপত্র দরকার?

নির্বাচিত হলে, সকল আবেদনকারীকে নিবন্ধতি হওয়ার জন্য তাদের আবেদনপত্রের সাথে কোনো এক ধরনের সরকার-প্রদানকৃত পরিচয়পত্র দাখিল করতে হবে। বয়স ও পরিচয়ের গ্রহণযোগ্য প্রমাণসমূহের মধ্যে আছে নিচের কোনো একটি:

- নিউ ইয়র্ক রাজ্যের (NYS) ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস এর দেয়া ড্রাইভার'স লাইসেন্স বা লার্নার'স পারমিট, বা
- NYS ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস এর দেয়া নন-ড্রাইভার আইডি কার্ড, বা
- যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ স্টেটের দেয়া ড্রাইভার'স লাইসেন্স বা নন-ড্রাইভার পরিচয়পত্র, বা

- ID NYC, বা
- পাসপোর্ট, বা
- অফিসিয়াল সিলমোহরসম্বলিত জন্ম সনদের কপি

এবং

নির্ধারিত অঞ্চলগুলোর মধ্যে বসবাস করার প্রমাণ, যেমন:

- নিউ ইয়র্ক রাজ্যের (NYS) ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস এর দেয়া ড্রাইভার'স লাইসেন্স বা লার্নার'স পারমিট, বা
- ইউটিলিটি বিল, বা
- বীমা কার্ড, বা
- ভোটার নিবন্ধন কার্ড

এগুলো ছাড়াও, নির্বাচিত হলে, নিবন্ধিত হওয়ার জন্য 18+ বয়সী শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীদেরকে তাদের যোগ্যতার প্রমাণও দেখাতে হবে। গ্রহণযোগ্য প্রমাণপত্রসমূহের কিছু উদাহারণের তালিকা নিচে দেয়া হল:

- সোশাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের কাছ থেকে পাওয়া অ্যাওয়ার্ড লেটার, বা
- MTA অ্যাক্সেস-এ-রাইড পরিচয়পত্রের কপি, বা
- কোনো পেশাদার চিকিৎসকের লেটারহেডে তার বিবৃতি অথবা চিঠি, বা
- একটি স্টেট কর্মমুখী পুনর্বাসন সংস্থা (যেমন ACCESS-VR বা NYSCB) এর কাছ থেকে বিবৃতি, রেকর্ড, অথবা চিঠি, বা
- নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সংস্থার (OPWDD) পক্ষ থেকে সনদ যাতে বলা থাকবে যে আবেদনকারী ওই সংস্থার নিবন্ধিত, পরিচালিত, সংশিত, বা তহবিলপ্রাপ্ত একটি প্রকল্পের কাছ থেকে পরিষেবা পাওয়ার যোগ্য; বা, একটি OPWDD প্রদানকৃত পরিচয়পত্র, বা
- শারীরিক প্রতিবন্ধীদের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ট্র্যান্সপোর্টেশনের দেয়া পার্কিং পারমিটের একটি কপি

এই প্রাথমিক প্রকল্পটি কত দিন চলবে?

যত বেশি সম্ভব নিউ ইয়র্কবাসীকে সেবা দেয়ার উদ্দেশ্যে এই প্রকল্পটি, যা প্রয়োগ ও মূল্যায়ন হিসাবে সংজ্ঞায়িত, তিন বছর ধরে চলবে ও তিনটি ধাপে অংশগ্রহণকারীদের অন্তর্ভুক্ত করবে। প্রতিটি পর্যায় নতুন অংশগ্রহণকারীদের নিয়ে গঠন করা হবে।

এটি কখন শুরু হবে?

প্রকল্পে অংশ নেওয়ার জন্য আবেদনপত্র **সেপ্টেম্বর 13, 2021 থেকে ই অক্টোবর 8, 2021 পর্যন্ত পাওয়া যাবে।. রাইড দেয়া শুরু হবে নভেম্বর থেকে।**

আমি কোথায় কোথায় যেতে পারব?

অংশগ্রহণকারীরা পাঁচটি বোরো, Nassau এবং Westchester কাউন্টির যে কোনো জায়গায় যাওয়ার জন্য রাইডের অনুরোধ জানাতে পারবেন। ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট, পরিবার ও বন্ধুদের সাথে দেখা করা, সুপারমার্কেট বা শপিং মলে যাওয়াসহ যে কোনো প্রয়োজনে *DFTA My Ride* ব্যবহার করা যাবে।

প্রদত্ত সহায়তার পরিমাণ কত? আমাকে কি কোনো কিছু পরিশোধ করতে হবে?

কোর্স চলাকালীন সময় জুড়ে প্রতিটি অংশগ্রহণকারী একটি মাসিক আর্থিক সহায়তা পাবেন। যারা নির্বাচিত হবেন তাদের সাথে মাসিক সহায়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে। রাইড অনুরোধ জানানোর সময় অংশগ্রহণকারীদের জানানো হবে যে তাদের অ্যাকাউন্টের তহবিল খরচ হয়ে গেছে কিনা। যদি অ্যাকাউন্টে অর্থের পরিমাণ অপর্যাপ্ত হয়, তাহলে অংশগ্রহণকারী আগে থেকেই রাইডের বাড়তি খরচ বহন করতে স্বীকৃতি জানাতে পারবেন বা রাইড বাতিল করতে পারবেন।

সাপ্তাহিক ছুটির দিন, সন্ধ্যাবেলা ও ছুটির সময়ে কি রাইড প্রদান করা হবে?

প্রকল্পটি দিনে 24 ঘন্টা/সপ্তাহে 7 দিন গাড়ি পরিষেবা প্রদান করবে এবং আগাম রিজার্ভেশনের সাথে সাথে তাৎক্ষণিক সেবার অনুরোধও গ্রহণ করবে।

আমি কিভাবে রাইডের অনুরোধ জানাতে পারব?

অংশগ্রহণকারীদের জন্য একটি রাইডের অনুরোধ জানাতে একাধিক বিকল্প থাকবে। আইফোন ও অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য মোবাইল অ্যাপের মাধ্যমে, ওয়েবসাইটের মাধ্যমে বা কল করার মাধ্যমে রাইডের অনুরোধ জানানো যাবে।

বখশিশ কি এর অন্তর্ভুক্ত থাকবে?

বখশিশ ও টোলসহ পরিবহনের সকল খরচ এর অন্তর্ভুক্ত থাকবে।

অন্য কেউ কি আমার সাথে রাইডে থাকতে পারবে?

অংশগ্রহণকারীর সাথে থাকা ব্যক্তির জন্য বাড়তি কোনো ভাড়া ধার্য করা হবে না। তবে, অংশগ্রহণকারীর সাথে থাকা ব্যক্তিদের সংখ্যা কোনো ভাবেই প্রদানকৃত গাড়ির আসন সংখ্যার চেয়ে বেশি হতে পারবে না।

ফিরতি-ভ্রমণ কি উপলব্ধ আছে?

অংশগ্রহণকারীরা ফিরতি-ভ্রমণের জন্য রাইড ধার্য করতে পারবেন না, তবে, যেখানে তাদের নামিয়ে দেয়া হবে সেখান থেকে তারা আরেকটি রাইড নিতে পারবেন।

আমি কিভাবে আবেদন করব?

আবেদনকারীরা *DFTA My Ride* প্রকল্পের জন্য অনলাইনে আবেদন করবেন। আবেদনপত্রটি www.nyc.gov/aging/myride এ পাওয়া যাবে। অনুগ্রহ করে নির্দেশনা অনুসরণ করুন ও আবেদনপত্রটি সম্পূর্ণভাবে পূরণ করুন।

> যদি চিঠির মাধ্যমে পাঠান, তাহলে দয়া করে আবেদনপত্রটি পৌছানোর জন্য আপনার পাঠানোর তারিখ থেকে আট (৪) দিন সময় দিন। আবেদনপত্রের চিঠি হারিয়ে যাওয়া বা সময়সীমার পরে পৌছানোর জন্য আমরা দায়ী থাকব না। অনুগ্রহপূর্বক চিঠি পাঠান এই ঠিকানায়:
>
> NYC Department for the Aging
> DFTA My Ride
> 2 Lafayette Street,2nd Floor
> New York, New York 10007

অংশগ্রহণের জন্য নির্বাচিত হলে সকল আবেদনকারীকে তাদের আবেদনপত্রের সাথে বয়স, অক্ষমতা ও বসবাসের প্রমাণ পাওয়া যায় এমন দলিল দাখিল করতে হবে।

কী কী গাড়ি পাওয়ার ব্যবস্থা আছে? আপনাদের কাছে কি হুইলচেয়ার ব্যবহার্য বাহন (WAV) আছে?

সাধারণ বাহন ও WAV উভয় প্রকার গাড়ির জন্যই অনুরোধের ব্যবস্থা থাকবে। অংশগ্রহণকারীরা অ্যাপের মধ্যে, ওয়েবসাইটে বা ফোনের মাধ্যমে তাদের প্রোফাইল তৈরি করার সময় নির্দিষ্ট করে দিতে পারবেন যে তাদের হুইলচেয়ার ব্যবহার্য গাড়ি লাগবে নাকি লাগবে না।

সেবাদানকারী পশুদের কি অনুমোদন আছে?

হ্যাঁ, সেবাদানকারী পশুর প্রয়োজন এমন যে কোনো ব্যক্তির প্রতি শহর, রাজ্য বা সরকারী আইন, নিয়ম বা বাধ্যবাধকতা অনুযায়ী বৈষম্য করা নিষিদ্ধ।

অংশগ্রহণকারীদেরকে তাদের নির্বাচিত হওয়া সম্পর্কে কখন এবং কিভাবে জানানো হবে?

প্রকল্পে অংশগ্রহণ করার জন্য যোগ্য প্রার্থীদেরকে একটি লটারি ব্যবস্থার মাধ্যমে এলোমেলোভাবে নির্বাচন করা হবে। যে আবেদনকারীরা নির্বাচিত হবেন না তাদের একটি অপেক্ষমান তালিকায় রাখা হবে এবং একটি অবস্থান খালি হলে তাদের জানানো হবে। প্রাথমিক প্রকল্পে অংশগ্রহণ করার জন্য যে আবেদনকারীরা নির্বাচিত হবেন তাদেরকে ইমেইল এবং/অথবা চিঠির মাধ্যমে, প্রকল্পে নিবন্ধন করার নিয়মাবলীসহ **অক্টোবরের শেষ থেকে নভেম্বরের প্রথম দিকে 2021** এর মধ্যে জানানো হবে।